

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৬৫

পর্ব - ৮ঃ বিবাহ (১ ১টা بانکار)

পরিচ্ছেদঃ ৬. খোলা তালাক্বের বিবরণ

## আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ \_ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ امْرَأَةَ ثَابِتِ بْنِ قَيْسٍ أَتَتْ النَّبِيَّ \_ صلى الله عليه وسلم \_ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ! تَابِتُ بْنُ قَيْسٍ مَا أَعِيبُ عَلَيْهِ فِي خُلُقٍ وَلَا دِينٍ, وَلَكِنِّي أَكْرَهُ الْكُفْرَ فِي الْإِسْلَامِ, قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «أَتَرُدِينَ عَلَيْهِ حَدِيقَتَهُ?»، قَالَتْ: نَعَمْ. قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «اقْبَلِ الْحَدِيقَة, وَطَلِّقْهَا تَطْلِيقَةً». رَوَاهُ النُّخَارِيُّ.

صحيح. رواه البخاري (9/ 395 / فتح)

## বাংলা

১০৬৫। ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত যে, সাবিত ইবনু কায়স এর স্ত্রী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল, হে আল্লাহর রসূল! চরিত্রগত বা দীনী বিষয়ে সাবিত ইবনু কায়সের উপর আমি দোষারোপ করছি না। তবে আমি ইসলামের ভিতরে থেকে কুফরী করা (অর্থাৎ স্বামীর সঙ্গে অমিল) পছন্দ করছি না। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কি তার বাগানটি ফিরিয়ে দেবে? সে বললঃ হ্যাঁ। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি বাগানটি গ্রহণ কর এবং মহিলাকে এক ত্বলাক (তালাক)্বদিয়ে দাও।

বুখারীর অন্য বর্ণনায় এরূপ আছে– 'নবী (রহঃ) তাঁকে তালাক দেয়ার জন্য আদেশ করলেন।[1]

## ফুটনোট



[1] বুখারী ৫২৭৫, ৫২৭৭, নাসায়ী ৩৪৬৩, ইবনু মাজাহ ২০৫৬।

শাইখ আলবানী ইরওয়াউল গালীল ৭/১০৩ পৃষ্ঠায় বলেন, এর সানাদে আল হাজ্জাজ বিন আরত্বাআ নামক বর্ণনাকারী রয়েছে, তিনি মুদাল্লিস, আন আন করে হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন